বিশেষ কোন কারণ ছাড়া এলাকার মসজিদেই জুমার সালাত আদায় করা উত্তম

(বাংলা-bengali-البنغالية)

www.islamqa.com

অনুবাদ

সানাউল্লাহ নযির আহমদ

1431هـ - 2010م

islamhouse.com

﴿ صلاة الجمعة في مسجد الحي أفضل إلا إذا كان في الذهاب إلى مسجد بعيد مصلحة ﴾

(باللغة البنغالية)

www.islamqa.com

ترجمة

ثناء الله نذير أحمد

2010 - 1431

islamhouse.com

বিশেষ কোন কারণ ছাড়া এলাকার মসজিদেই জুমার সালাত আদায় করা উত্তম

প্রশ্ন :

আমি পশ্চিমা এক দেশে বাস করি, আমার অনেক ভাই মসজিদের ইমাম সাহেবকে অপছন্দ করেন। কারণ সে মানুষকে গালমন্দ করে ও দীর্ঘ খুৎবা পাঠ করে। এ মুহূর্তে আমরা কি করব? এ ইমামের পিছনে সালাত আদায় করব, না তুর্কিদের মসজিদে চলে যাব। এখানে এ দুইটি মসজিদ ব্যতীত তৃতীয় কোন মসজিদ নেই। উত্তর দিয়ে আমাদের বাধিত করবেন। আল্লাহ্ আপনাদের উত্তম প্রতিদান দিন।

উত্তর :

আল-হামদুলিল্লাহ

ইমাম সাহেব যেহেতু মানুষকে গালমন্দ করেন এবং দীর্ঘ খুৎবা পাঠ করার দরুন যেহেতু মানুষের কষ্ট হয়, তাই অন্য মসজিদে গিয়ে সালাত আদায় করলে কোন অসুবিধা নেই। বরং কোন কারণ ছাড়াই যে কোন মসজিদে সালাত আদায় করা যায়। তবে মহল্লাহর মসজিদে সালাত আদায় করা উত্তম। হ্যাঁ, তুর্কিদের মসজিদে যদি কোন বেদআত ও কুসংস্কার থাকে, যা আপিন উল্লেখ করেন নি এবং যে কারণে সেখানে যেতে আপনাদের কষ্ট হয়, তবে তা খুলে বলা প্রয়োজন।

আরো প্রয়োজন ইমাম সাহেবকে উপদেশ দেয়া| মুসলমানদের অবস্থার প্রতি লক্ষ্য রাখা ও খুৎবা সংক্ষেপ করার জন্য তাকে আহব্বান করা।

শায়খ ইবনে উসামীন - রাহিমাহুল্লাহ-কে প্রশ্ন করা হয়েছিল : খতীব সাহেব খুব বেশী জানেন এবং খুব সুন্দর করে খুৎবা উপস্থাপন করতে পারেন, এ জন্য নিজ মহল্লাহর মসজিদ ত্যাগ করে দূরে অবস্থিত মসজিদে গিয়ে কি সালাত আদায় করা বৈধ ?

তিনি উত্তর দিয়েছেন : পরস্পরের মাঝে পরিচিতি অর্জন ও মহব্বত সৃষ্টির লক্ষ্যে মহল্লাহর মসজিদে সালাত আদায় করাই উত্তম। তবে ধর্মীয় ফায়দার জন্য দূরের মসজিদে গমন করলে কোন সমস্যা নেই। যেমন ইলম অর্জন করা, অধিক প্রতিক্রিয়াশীল ও জ্ঞানগর্ব খুৎবা শ্রবণ করা ইত্যাদি। সাহাবায়ে কেরাম ইমাম ও মসজিদের ফজিলত অর্জন করার জন্য রাসূলের পিছনে সালাত আদায় করতেন, অতঃপর নিজ মহল্লাহ চলে যেতেন এবং সেখানে গিয়ে সালাত আদায় করতেন। রাসূলের যুগে মুয়াজ -রাদিআল্লাহু আনহু- এরূপ করতেন, তিনি তা জানতেন, তবুও তিনি তাকে বারণ করেন নি।

সমাপ্ত

الإسلام سؤال وجواب